যুগান্তর

তারিখ AUG 31 2006
পৃষ্ঠা ১৩ কলাম ৪

# জাবিতে প্লানিং ডে-২০০৬

মহিউদ্দিন কাদের

প্লানিং ডে-২০০৬ উপলক্ষে গত ২৬ আগস্ট ২০০৬ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের উদ্যোগে সেমিনার ও গোল টেবিল বৈঠক অনুষ্ঠিত হয়। দিনব্যাপী অনুষ্ঠিত এই সেমিনার ও বৈঠকিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমান।

অনুষ্ঠানের শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন প্লানিং ডে-২০০৬-এর সমন্বয়কারী এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের শিক্ষক মোঃ আকতার মাহমুদ। বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক এনামুল হক খান, কোষাধ্যক্ষ অধ্যাপক সৈয়দ আবদুল হাই, সমাজবিজ্ঞান অনুষদের ডিন এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের ভারপ্রাপ্ত সভাপতি অধ্যাপক আমীন মোহাম্মদ আলী। এবারের প্লানিং ডে-২০০৬-এর আহ্বায়ক হিসেবে দায়িত্ব পালন করেন নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের তৃতীয় ব্যাচের শিক্ষার্থী রাসেল কবির।

সেমিনার পর্ব : সেমিনারে Citizen's Participation and Awarness : The context of Urban Governance- A case study of the 22 Project Pourashava of Bangladesh বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন খুলনা বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা ডিসিপ্লিনের অধ্যাপক ড: মোঃ গোলাম মোর্তজা।

Social and Environmental Implications of FAR বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের স্থাপত্য বিভাগের শিক্ষক ড. এম মাহবুব-উজ-জামান।

National Physical Planning Institutional Setup : A proposal বিষয়ে বক্তব্য রাখেন পরিকল্পনা মন্ত্রণালয়ের কর্মকর্তা মীর আহমেদ তারিকুল ওমর।

Application of GIS and Remote Sensing for Implementation of Urban Area Plan বিষয়ে প্রবন্ধ উপস্থাপন করেন সিডিআইএসের জিআইএস বিভাগের প্রধান মীর আবদুল মতিন।

বিশিষ্ট নগর পরিকল্পনাবিদ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভূগোল ও পরিবেশ বিভাগের সভাপতি এবং সেন্টার ফর আরবান স্টাডিজের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামের সভাপতিত্বে রাউন্ড টেবিল কনফারেন্সে আলোচনা করেন বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের শিক্ষক ড. মুনিরুজ্জামান, খুলনা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক অধ্যাপক গোলাম মোর্তজা, এলজিইডির সুপারিনটেন্ডেন্ট ইঞ্জিনিয়ার আবদুল গাফফার এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আকতার মাহমুদ।

অনুষ্ঠান শুরুর আগে প্লানিং ডে-২০০৬ উপলক্ষে এক মনোজ্ঞ র্যালি অনুষ্ঠিত হয়।